১৯৬

# মহাপরিচালক
# স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

আধাসরকারি পত্র নং-২৭৫/এলএএস-৭/ডিও লেটার/২০০৪-২০১৬/৮৮৬ তারিখঃ ২৪/৯/২০১৭

আপনার মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কার্যালয়ের ২০০৪-২০১৬ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসমূহের মধ্যে ০২ (দুই) টি আপত্তিকে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে মন্ত্রণালয়ে প্রেরণ করে ৩৫ (পয়ঁত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল (বিবরণী সংযুক্ত)। কিন্তু জবাব না পাওয়ায় পরবর্তীতে তাগিদপত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। আপত্তিসমূহ পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, স্থানীয় অফিস কর্তৃক সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করায় আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। এমতাবস্থায়, চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের উপর ২৮ (আটাশ) কর্ম দিবসের মধ্যে সন্তোষজনক জবাব প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার ব্যক্তিগত সহযোগিতা ও সদয় হস্তক্ষেপ কামনা করছি।

উল্লিখিত সময়সীমার মধ্যে সন্তোষজনক জবাব পাওয়া না গেলে, আলোচ্য অডিট আপত্তিসমূহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ নং অনুচ্ছেদ অনুযায়ী জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

একান্তভাবে আপনার

২৪/৯/১৭

(মোঃ গোলাম মোস্তফা)
মহাপরিচালক
ফোন-৪৮৩১৬১৩০

জনাব মোঃ ইব্রাহীম হোসেন খান
সচিব,
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

২৭/৯/১৭

মোসাঃ নাসিমা খাতুন
এ এন্ড এ ও

Rahaim/las-7/02.27

অগ্রিম অনুচ্ছেদের তাগিদপত্র

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা)
সেগুন বাগিচা, ঢাকা।
www.lrad.gov.bd

নং-২৮১/এলএএস-৭/ তাগিদ পত্র/২০১৪-২০১৫/ ৮৭৮ তারিখঃ ২৯ /০৮/২০১৭ খ্রিঃ

বরাবর,

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় ঃ- ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট,খাগড়াছড়ি পার্বত্য জেলা কাযালয়ের ২০১৪-২০১৫ আর্থিক সালের স্থানীয় নিরীক্ষা প্রতিবেদনের গুরুতর আর্থিক অনিয়ম হিসাবে চিহ্নিত অনুচ্ছেদের তাগিদ পত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-২৮১/এলএএস-৭/অঃঅনুঃ/২০১৪-১৫/৮৫৪, তারিখঃ ০৬/০৭/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকের মাধ্যমে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট,খাগড়াছড়ি পার্বত্য জেলা কাযালয়ের ২০১৪-২০১৫ আর্থিক সনের নিরীক্ষা প্রতিবেদনের অগ্রিম অনুচ্ছেদসমূহ প্রেরণ করতঃ উক্ত অগ্রিম অনুচ্ছেদ সমূহের উপর নিষ্পত্তিমূলক জবাব ০৫(পাঁচ) সপ্তাহের মধ্যে এই কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু এ পর্যন্ত কোন জবাব পাওয়া যায় নাই।

এ প্রেক্ষিতে উল্লেখিত প্রতিষ্ঠানের অগ্রিম অনুচ্ছেদসমূহে বর্ণিত অনিয়মসমূহ সংশোধন পূর্বক আগামী ০২(দুই) সপ্তাহের মধ্যে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো। উক্ত সময়সীমার মধ্যে জবাব পাওয়া না গেলে উক্ত অনিয়মসমূহকে সঠিক হিসাবে গণ্য করে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের বার্ষিক অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির লক্ষ্যে পরবর্তী পদক্ষেপ গ্রহন করা হবে।

(মোহাম্মদ কবির হোসেন)
উপ-পরিচালক
এল,এ,এস সেক্টর
ফোনঃ ৮৩৯১০৩৮।

নং-২৮১/এলএএস-৭/ তাগিদ পত্র/২০১৪-২০১৫/ ৮৭৮(২) তারিখঃ ২৯ /০৮/২০১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। অফিস কপি।

২৯/৮/২০১৭

অডিট এন্ড একাউন্টস অফিসার
এলএএস-৭ শাখা।

rahaim/las-7/281.tagid form

১৯২

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.lrad.gov.bd

নং-২৮৯../এলএএস-৭/অঃঅনুঃ/২০০৪-১৬/৮৫৪ তারিখঃ ৬/৭/২০১৭ খ্রিঃ

বরাবর

সচিব,
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কার্যালয়ের ২০০৪-১৬ সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত দুই টি গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কে অগ্রিম অনুচ্ছেদ।

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কার্যালয়ের ২০০৪-১৬ সনের প্রকল্প হিসাব ২/৫/১৭ হতে ৭/৫/১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা কার্য সম্পাদন করা হয় এবং ৭/৫/১৭ তারিখে স্থানীয় ভাবে প্রতিবেদন জারী করা হয়। উক্ত নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং- ৯, ১৩, ২০ কে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে অগ্রিম অনুচ্ছেদ প্রণয়নপূর্বক এতদসংগে প্রেরন করা হলো।

যেহেতু অনুচ্ছেদসমূহ গুরুতর অনিয়ম হিসেবে চিহ্নিত হয়েছে, সেহেতু আপত্তিসমূহ মীমাংসার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। অনিয়মসমূহ মীমাংসার লক্ষ্যে ৫(পাচঁ) সপ্তাহের মধ্যে নিস্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হল। বর্ণিত সময় সীমার মধ্যে জবাব পাওয়া না গেলে ধরে নেয়া হবে যে, অডিট কর্তৃক উথাপিত আপত্তিসমূহ আপনার কার্যালয় কর্তৃক স্বীকৃতি লাভ করেছে এবং সেক্ষেত্রে পরবর্তী কার্যক্রম গ্রহন করা হবে।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

M. Kabir 6/7/17

(মোহাম্মদ কবির হোসেন)
উপ-পরিচালক
এল,এ,এস সেক্টর
ফোনঃ ৮৩৯১০৩৮

o/c [signature] ৪/৭/১৭

নং-২৮৯../এলএএস-৭/অঃঅনুঃ/২০০৪-১৬/৮৫৪(১-২) তারিখঃ ৬/৭/২০১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
২। অফিস কপি।

[signature] ৪/৭/১৭
কে.এম. শামছুল মুনির
এস.এ.এস সুপার

অডিট এন্ড একাউন্টস অফিসার
এলএএস - ৭ শাখা।

o/c [signature] ৪/৭/১৭